



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG

ডাউনলোড
“এই যুগ
অ্যাপ”



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

HOWRAH | হাওড়া • DAILY | দৈনিক • 8 OCTOBER 2026, THURSDAY | ৮ অক্টোবর ২০২৬, বৃহস্পতিবার • VOLUME | বর্ষ-6 • ISSUE | সংখ্যা-304

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দেশসেবা ও জনসেবার পঁচিশ বছর পূর্তিতে শিলিগুড়িতে আয়োজিত হলো “সেবা জ্যোতি যাত্রা” কর্মসূচি



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৭ অক্টোবর : দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দেশসেবা ও জনসেবার পঁচিশ বছর পূর্তিতে শিলিগুড়িতে আয়োজিত হলো “সেবা জ্যোতি যাত্রা” কর্মসূচি। এদিনের কর্মসূচি আয়োজিত হয় শহরের বাঘা যতীন পার্কে। বাঘা যতীন পার্ক থেকে আয়োজিত পদযাত্রা শহরের বিভিন্ন এলাকা পরিভ্রমণ করে। আয়োজিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। উপস্থিত ছিলেন রাজ্যের পর্যটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ ,রাজ্যের অর্থ ও পরিবহন দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আনন্দময় বর্মণ সহ রাজ্য ও জেলা নেতৃবৃন্দ। পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ বলেন দেশের মানুষের সেবা ও উন্নয়নের প্রতি নরেন্দ্র মোদীজীর দীর্ঘদিনের নিষ্ঠা ও অঙ্গীকার সমগ্র দেশবাসীর জন্য অনুপ্রেরণা। এই কর্মসূচির মাধ্যমে প্রধানমন্ত্রীর জনসেবা ও দেশসেবার পঁচিশ বছরের গৌরবময় পথচলাকে উদযাপন করা হলো।

রেলের পরিকাঠামোর উন্নয়ন হচ্ছে আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ অক্টোবর : রেলপরিকাঠামোর আধুনিকীকরণ, কর্মী প্রশিক্ষণ ও কল্যাণে একগুচ্ছ নতুন উদ্যোগ নিল উত্তর-পূর্ব সীমান্ত রেলের আলিপুরদুয়ার ডিভিশন। রেল জেনারেল ম্যানেজার জানান, ডলোমাইট উত্তোলন-সহ পণ্য পরিবহনে সম্প্রতি অতীতের সমস্ত রেকর্ড ছাপিয়ে গিয়েছে এই ডিভিশন। যাত্রী পরিষেবা ও ট্রেন রক্ষণাবেক্ষণে কোচিং ডিপোয় বাড়ানো হয়েছে পিট লাইনের সংখ্যা। বায়োটায়েলেন্ট সংক্রান্ত সমস্যা মোকাবিলায় তৈরি হয়েছে আধুনিক বায়োটায়েলেন্ট ল্যাবরেটরি। কর্মীদের প্রশিক্ষণে চালু হয়েছে এআই-সক্ষম স্মার্ট লার্নিং সেন্টার। এর মাধ্যমে গুয়াহাটি, কাটিহার বা লামডিংয়ের বিশেষজ্ঞরা ভার্চুয়ালি প্রশিক্ষণে অংশ নিতে পারবেন। চালু হয়েছে ই-লাইব্রেরি ও সেলফ-রেজিস্ট্রেশন কনসোল। পাশাপাশি, ডিআরএমের উদ্যোগে আন্তর্জাতিক মানের ইনডোর স্টেডিয়াম তথা স্পোর্টস কমপ্লেক্সের ভিত্তিপ্রস্তর স্থাপন হয়েছে বুধবার। আগামী এক বছরের মধ্যে নির্মাণ শেষ হওয়ার কথা বলে রেল তরফে জানানো হয়। থাকবে বাস্কেটবল, ভলিবল, ব্যাডমিন্টন ও অত্যাধুনিক জিমের সুবিধাও। বিদ্যমান ক্রিকেট স্টেডিয়ামটিরও সংস্কার চলছে।

পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্রিমিত্রা পালের তত্ত্বাবধানে নতুন রূপে সাজিয়ে তোলা হচ্ছে মোহর কুঞ্জকে



ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কলকাতা ,৭ অক্টোবর : আজ কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের আধিকারিকদের সঙ্গে নিয়ে মোহর কুঞ্জকে নতুন রূপে সাজিয়ে তোলার পরিকল্পনা ,সৌন্দর্যায়ন এবং প্রয়োজনীয় উন্নয়নমূলক কাজগুলি খতিয়ে দেখলেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্রিমিত্রা পাল। মোহর কুঞ্জ পরিদর্শনকালে তিনি বলেন ,“মোহর কুঞ্জের নিয়মিত রক্ষণাবেক্ষণ ও পরিচর্যার বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশ দিয়েছি। তাছাড়াও পার্কের অতিরিক্ত বেড়ে ওঠা গাছপালা নিয়মিত ছাঁটাই করা, পার্কের পরিচ্ছন্নতা বজায় রাখা এবং সাধারণ মানুষের সুবিধার জন্য পরিষ্কার টয়লেটের ব্যবস্থা করার বিষয়েও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে।” তিনি আরও বলেন ,“পার্কের ঝাণটিকে আরও সুন্দর ও আকর্ষণীয় করে তুলে সৌন্দর্যায়নের কাজ আরও বাড়ানোর বিষয়েও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে নির্দেশ দেওয়া হয়েছে।” এর ফলে সাধারণ মানুষের জন্য এখানে আরও সুন্দর ও মনোরম পরিবেশ তৈরি করা যাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

শহরকে পরিচ্ছন্ন রাখতে বর্জ্য ব্যবস্থাপনা গাড়ির উদ্বোধন করলেন পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৭ অক্টোবর : শিলিগুড়ি শহরকে আরও পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে শিলিগুড়ি পৌর নিগমের উদ্যোগে বুধবার উদ্বোধন হলো কয়েকটি বর্জ্য ব্যবস্থাপনা গাড়ি। গাড়িগুলির উদ্বোধন করেন রাজ্যের পর্যটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ। উপস্থিত ছিলেন শিলিগুড়ি পৌর নিগমের প্রশাসক আর বিমলা সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ। এদিন বাঘা যতীন পার্কে সেবা জ্যোতি যাত্রার মঞ্চ থেকে গাড়িগুলির উদ্বোধন করা হয়। উদ্বোধন করে মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ জানান এদিন চারটি ডাম্পার ও আটটি জেসিবি গাড়ির উদ্বোধন করা হয়। এই গাড়ি গুলিতে শহরের বিভিন্ন ওয়ার্ড ঘুরে আবর্জনা সংগ্রহ করা হবে ও সাফাই এর কাজে লাগানো হবে। এর ফলে শহরের আবর্জনা সংগ্রহের কাজ আরও গতিশীল ও কার্যকর হবে। শহরকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা শুধুমাত্র পৌর নিগমের দায়িত্ব নয়, একাজে নাগরিকদেরও দায়িত্বশীল হতে হবে বলেও মন্তব্য করেন পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ।

উদ্ধার চারশো ত্রিশ বোতল নিষিদ্ধ কফ সিরাপ ,গ্রেপ্তার একুশ বছর বয়সী এক যুবক



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মুর্শিদাবাদ ,৭ অক্টোবর : মুর্শিদাবাদ জেলা পুলিশের ভগবানগোলা থানার পুলিশ গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে বুধবার থানা এলাকায় অভিযান চালিয়ে এক যুবককে আটক করে তল্লাশী চালায়। যুবকের সাথে থাকা একটি ব্যাগ থেকে উদ্ধার হয় চারশো ত্রিশ বোতল নিষিদ্ধ কফ সিরাপ ফেন্সিডিল। উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে যুবককে গ্রেপ্তার করে পুলিশ। জানা গেছে যুবকের বয়স একুশ বছর। সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করে দশ দিনের পুলিশী হেফাজতের আবেদন জানানো হবে বলে জানিয়েছে পুলিশ। তদন্তের স্বার্থে যুবকের নাম ঠিকানা গোপন রেখে পুলিশ খতিয়ে দেখছে এই যুবক কোথা থেকে কি উদ্দেশ্যে এই নিষিদ্ধ কফ সিরাপ সংগ্রহ করেছে, সে কোন পাচার চক্রের জড়িত আছে কিনা তা ও খতিয়ে দেখছে পুলিশ।

২৮ টি মহিষ উদ্ধার ,গ্রেপ্তার চালক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ অক্টোবর : গোপন সূত্রে খবর পেয়ে ২৮টি মহিষ উদ্ধার করল শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। বিহার থেকে অসমে পাচারের সময় ট্রাক সহ মহিষগুলি আটক করা হয়। এই ঘটনায় ট্রাকের সহকারী চালককে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, বিহার থেকে অসমের উদ্দেশ্যে একটি ট্রাকে করে বিপুল সংখ্যক মহিষ নিয়ে যাওয়া হচ্ছে, এমন গোপন খবর আসে শামুকতলা রোড ফাঁড়িতে। সেই খবরের ভিত্তিতে ফাঁড়ির পুলিশ জাতীয় সড়কে নজরদারি শুরু করে। পরে সন্দেহজনক ট্রাকটিকে আটক করে তল্লাশী চালাতেই ভিতর থেকে উদ্ধার হয় ২৮টি মহিষ। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, অবৈধভাবে মহিষগুলি অসমে পাচার করা হচ্ছিল। প্রয়োজনীয় বৈধ কাগজপত্র দেখাতে পারেনি ধৃত সহকারী চালক। উদ্ধার হওয়া মহিষগুলিকে পরবর্তীতে বারবিশা এলাকার একটি গোশালায় পাঠানো হয়েছে। ধৃতকে জিজ্ঞাসাবাদ করে পুলিশ এই পাচার চক্রের সঙ্গে আর কারা জড়িত তা খতিয়ে দেখছে। ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে।

কোহিনুর চা বাগানে অচল অবস্থা তৈরি হয়েছে বোনাস নিয়ে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ অক্টোবর : দুর্গাপূজোর মুখে ডুয়ার্সের চা বলয়ে বোনাস বিতর্ক অব্যাহত। পূজো বোনাসের দাবিতে আজও কর্মবিরতি চলছে আলিপুরদুয়ার জেলার কোহিনুর চা বাগানে।রাজ্য সরকারের নির্দেশ ছিল ৫ অক্টোবরের মধ্যে সমস্ত চা বাগানে শ্রমিকদের ২০ শতাংশ হারে পূজো বোনাস মিটিয়ে দিতে হবে। কিন্তু আজ ৭ অক্টোবর হয়ে গেলেও কোহিনুর চা বাগান কর্তৃপক্ষ বোনাস কবে দেবে, সে বিষয়ে শ্রমিকদের কিছুই জানায়নি।এর প্রতিবাদে আজ সকাল থেকে শ্রমিকরা বাগানের সমস্ত কাজ বন্ধ করে দিয়ে ফ্যান্টারির গেটের সামনে বসে বিক্ষোভ আন্দোলন শুরু করেন।শ্রমিকদের দাবি, অবিলম্বে ২০ শতাংশ হারে পূজো বোনাস প্রদান করতে হবে। বোনাস না মেলা পর্যন্ত এই আন্দোলন চলবে। ডুয়ার্সের আলিপুরদুয়ার জেলার একাধিক চা বাগানে বোনাস নিয়ে শ্রমিক অসন্তোষ ক্রমশ বাড়ছে।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL



নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনা কোচবিহার জেলা পুলিশের

১৩ তারিখ পঞ্চায়েত সমিতির সভাপতি নির্বাচন



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,৭ অক্টোবর : পুজোর আগে ব্যাঙ্ক, জুয়েলারি দোকান ও বাজার এলাকা গুলি ঘুরে ঘুরে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখলো কোচবিহার জেলা পুলিশের বিভিন্ন দল। জানা গেছে বুধবার জেলার বিভিন্ন স্থানের ব্যাঙ্ক,এ টি এম,জুয়েলারি দোকান ও বাজার এলাকাগুলি পরিদর্শন করে সি সি টি ভি ক্যামেরা, এলার্ম সহ অন্যান্য নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখেন জেলা পুলিশের আধিকারিক সহ কর্মীরা। তারা নারী সুরক্ষা,ট্রাফিক ব্যবস্থা ও জননিরাপত্তা নিয়ে বিভিন্ন এলাকার সাধারণ মানুষ, মহিলা ও বাজার কমিটির সদস্যদের সাথে কথা বলেন।পুলিশ সুত্রে জানা গেছে পুজোর দিন গুলিতে সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিত করে আসনা উৎসবকে নিরাপদ, নির্বিঘ্ন ও আনন্দময় করে তোলার লক্ষ্যে এই কর্মসূচি।



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ অক্টোবর : অবশেষে দিন নির্ধারিত হলো আলিপুরদুয়ার দুই পঞ্চায়েত সমিতির সভাপতি নির্বাচনের। আলিপুরদুয়ার দুই পঞ্চায়েত সমিতির সদস্য সংখ্যা ৩২ জন এর মধ্যে বিজেপির রয়েছে ৮ জন। পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি নির্বাচিত হয়ে গেছে আগেই। সরকারি ভাবে জানা গেছে কমপক্ষে ৮ জন উপস্থিত থাকলেই সভাপতি নির্বাচন করা যাবে। পঞ্চায়েত সমিতির সভাপতি নির্বাচনকে ঘিরে কানাঘুষা শুরু হয়েছে দলের অন্তর মহলেও। সুত্রের খবর ৮ জনের কোর কমিটি রয়েছে আলিপুরদুয়ার ২ নম্বর ব্লক এ। কোর কমিটির সিদ্ধান্ত অনেকটাই কাজ করবে সভাপতি নির্বাচনের। সভাপতির চেয়ারে কাকে দেখা যাবে তা নিয়ে আলোচনা চলছে জোর কদমে।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL